National Guideline on Dispensing, Use and Disposal Management of Antimicrobial Drugs -Bangladesh.

এন্টিমাইক্রোবিয়াল ঔষধের বিতরণ (Dispensing), ব্যবহার (Use) এবং বিনষ্টকরণ (Disposal) ব্যবস্থাপনা সংক্রান্ত জাতীয় নির্দেশিকা -বাংলাদেশ

Documents No: NRA-AMR-G-02
Version:01
Effective Date: November, 2023

সূচীপত্র

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
১.	ভূমিকা	
২.	সংজ্ঞা	
৩.	সংক্ষেপন	
৪.	নির্দেশিকাটির লক্ষ্য ও উদ্দেশ্য (Scope and Purpose of the Guideline)	
৫.	আইন ও নীতিমালা	
৬.	এন্টিমাইক্রোবিয়াল ঔষধের বিতরণ (Dispensing) সংক্রান্ত নির্দেশিকা	
৭.	ঔষধ ব্যবসা পরিচালনা এবং এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর বিষয়ে সতর্কতা	
৮.	এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহের ব্যবহার এবং ফার্মাসিস্টের দায়িত্ব	
৯.	এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপেন্সিং মনিটরিং এ ঔষধ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের দায়িত্ব	
১০.	এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপেন্সিং এ ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের দায়িত্ব	
১১.	এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপেন্সিং এ ভেটেনারিয়ানের দায়িত্ব	
১২.	এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপেন্সিং এ হাসপাতাল কর্তৃপক্ষের দায়িত্ব	
১৩.	এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এ যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে নার্সদের দায়িত্ব	
১৪.	প্রাণী চিকিৎসায় এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ব্যবহারে খামারীগণের প্রতি নির্দেশনা	
১৫.	এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ব্যবহারে জনসাধারণের প্রতি নির্দেশনা	
১৬.	Professional Association এবং Scientific society এর দায়িত্ব	
১৭.	এন্টিমাইক্রোবিয়াল ঔষধ চেনার উপায়	
১৮.	এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপেন্সিং এবং এন্টিবায়োটিকের WHO-AWaRe Classification এর ভূমিকা	
১৯.	এন্টিমাইক্রোবিয়াল ঔষধের বর্জ্য ব্যবস্থাপনা ও নিষ্পত্তি (Disposal) সংক্রান্ত নির্দেশিকা	
২০.	জনসাধারণের প্রতি নির্দেশনা	
২১.	ফার্মেসী রিটেলার/ফার্মাসিস্টের প্রতি নির্দেশনা	
২২.	ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের প্রতি নির্দেশনা	
২৩.	রেগুলেটরী অথরিটির প্রতি নির্দেশনা	
২৪.	হাসপাতাল কর্তৃপক্ষের প্রতি নির্দেশনা	
২৫.	খামারীগণের প্রতি নির্দেশনা	
২৬.	উপজেলা প্রাণী সম্পদ অফিসারের প্রতি নির্দেশনা	
২৭.	এয়ারপোর্ট, সি-পোর্ট, ল্যান্ড পোর্ট কর্তৃপক্ষের প্রতি নির্দেশনা	
২৮.	পরিশিষ্ট-১ এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর তালিকা	
২৯.	পরিশিষ্ট-২ AWaRe Classification of Antibiotics	
৩০.	পরিশিষ্ট-৩ Over the Counter (OTC) ঔষধ এর তালিকা	
৩১.	পরিশিষ্ট-৪ এন্টিমাইক্রোবিয়াল ঔষধ বিক্রির রেজিস্টার এর নমুনা	
৩২.	পরিশিষ্ট-৫ এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ব্যবহার নির্দেশিকা এর নমুনা	
৩৩.	পরিশিষ্ট-৬ এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপেন্সিং এর সিল মোহরের নমুনা	
৩৪.	পরিশিষ্ট-৭ ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক প্রাণি চিকিৎসায় বাতিলকৃত এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর তালিকা	
৩৫.	পরিশিষ্ট-৮ অব্যববহৃত, মেয়াদোত্তীর্ণ, নষ্ট হয়ে যাওয়া এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর রেজিস্টারের নমুনা	
৩৬.	পরিশিষ্ট-৯ এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর ডিসপোজাল ফরম এর নমুনা	
৩৭.	পরিশিষ্ট-১০ অব্যববহৃত, মেয়াদোত্তীর্ণ, নষ্ট হয়ে যাওয়া এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর প্রাপ্তি স্বীকার ফরম	
৩৮.	রেফারেন্স	

ভূমিকা

এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স জাতীয় এবং আন্তর্জাতিকভাবে অন্যতম একটি স্বাস্থ্য ঝুঁকি হিসেবে চিহ্নিত হয়েছে।(Organization) বর্তমানে সারাবিশ্বে প্রতিবছর প্রায় ১২ (বারো) লক্ষ ৭০ (সত্তর) হাজার মানুষ এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স এর কারণে মারা যাচ্ছে।(Murray, Ikuta et al. 2022) স্বাভাবিকভাবে এন্টিমাইক্রোবিয়াল ঔষধ বিভিন্ন ধরনের অণুজীব (যেমন, ব্যাকটেরিয়া, ভাইরাস, ফাংগাস ও প্যারাসাইট) কে ধ্বংস করতে পারে; কিন্তু যে বিশেষ অবস্থায় এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এ সকল অণুজীবকে ধ্বংস করতে পারে না বা ব্যর্থ হয়, সে অবস্থাকে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স বলে। মানব বা প্রাণি চিকিৎসা এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর অপব্যবহার এবং অনিয়ন্ত্রিতভাবে পরিবেশে এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর নিষ্পত্তি এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্সের অন্যতম প্রধান কারন। গ্লোবাল লিডার্স গ্রুপের কো-চেয়ার মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, " Urgent action is required to stop the spread of antimicrobial resistance. Without action, we face a future where we will be unable to treat infections in humans, animals and plants. We must work together to protect our medicines".

এন্টিমাইক্রোবিয়াল ঔষধ প্রেসক্রাইব এর পূর্বে যথাযথভাবে রোগ নিরূপন এবং রেজিস্টার্ড চিকিৎসকের প্রেসক্রিপশন অনুযায়ী এন্টিমাইক্রোবিয়াল ঔষধ গ্রহণ, ফার্মেসী কর্তৃক যথাযথভাবে ডিসপেনসিং এবং লেফট ওভার এন্টিবায়োটিক এর যথাযথ ডিসপোজাল করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ২০১৬ সালে National Strategy and Action Plan for Antimicrobial Resistance Containment in Bangladesh প্রণয়ন করা হয়, যা ২০২১-২০২৬ পর্যন্ত আপডেট করা হয়েছে। উক্ত Strategy এবং Action Plan এ এন্টিমাইক্রেবিয়াল ঔষধ এর ডিসপেন্সিং এবং ডিসপোজাল পলিসি প্রণয়নের কথা বলা হয়েছে। ১২ ডিসেম্বর, ২০২২ তারিখে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত "স্বাস্থ্য সুরক্ষায় মানুষ ও প্রাণিদেহে এন্টিবায়োটিকের যথেচ্ছ ব্যবহার প্রতিরোধকল্পে" অনুষ্ঠিত সভায় এন্টিমাইক্রোবিয়াল ঔষধের যথাযথ ডিসপেন্সিং এর বিষয়টির প্রতি গুরুত্বারোপ করা হয়। স্ট্যাডি হতে দেখা গিয়েছে বাংলাদেশে ২০.২% এন্টিমাইক্রোবিয়াল ঔষধ প্রেসক্রিপশন ছাড়া বিক্রি হয়।(Islam, Akhtar et al. 2022) এছাড়াও leftover এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপোজালের ক্ষেত্রে যথাযথ ব্যবস্থাপনার অভাব রয়েছে। যা পরিবেশে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স সৃষ্টিতে ভূমিকা রাখছে। যে কারণে বাংলাদেশে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স প্রতিরোধে এন্টিমাইক্রোবিয়াল ঔষধের বিতরণ এবং নিষ্পত্তি সংক্রান্ত নির্দেশিকা প্রণয়ন করা অত্যন্ত জরুরী ।

সংজ্ঞা

অণুজীব (Microorganism)

অণুজীব হচ্ছে এক প্রকার অতি ক্ষুদ্র জীব যা খালি চোখে দেখা যায় না, শুধুমাত্র অণুবীক্ষণ যন্ত্রের সাহায্যে দেখা যায়। যেমন, ব্যাকটেরিয়া, ভাইরাস, ছত্রাক (ফাংগাস), পরজীবী (প্যারাসাইট) ইত্যাদি।

এন্টিমাইক্রোবিয়াল ঔষধ

যে সকল ঔষধ ক্ষতিকারক জীবাণু যেমন, ব্যাকটেরিয়া, ভাইরাস, ফাংগাস ও প্যারাসাইটকে ধ্বংস করতে বা এদের গ্রোথকে কমিয়ে দিতে ব্যবহার করা হয়, তাদেরকে এন্টিমাইক্রোবিয়াল ঔষধ বলে। এন্টিমাইক্রোবিয়াল ঔষধগুলো হল: এন্টিবায়োটিক, এন্টিভাইরাল, এন্টিফাংগাল এবং এন্টিপ্যারাসাইটিক। **(পরিশিষ্ট-১)**

এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স (Antimicrobial Resistance)

স্বাভাবিকভাবে এন্টিমাইক্রোবিয়াল ঔষধ বিভিন্ন ধরনের অণুজীব (যেমন, ব্যাকটেরিয়া, ভাইরাস, ফাংগাস ও প্যারাসাইট) কে ধ্বংস করতে পারে। কিন্তু যে বিশেষ অবস্থায় এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এ সকল অণুজীবের প্রতিরোধের কারণে তাদের ধ্বংস করতে ব্যর্থ হয়, সে অবস্থাকে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স বলে।

এন্টিমাইক্রোবিয়াল স্ট্যুয়ার্ডশিপ (Antimicrobial Stewardship)

এন্টিমাইক্রোবিয়াল স্ট্যুয়ার্ডশিপ হল একটি সমন্বিত কার্যক্রম যা এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর যথাযথ ব্যবহার নিশ্চিত করে। এই কার্যক্রম জাতীয়, আন্তর্জাতিক পর্যায়ে মানব, প্রাণী এবং পরিবেশের ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে। এন্টিমাইক্রোবিয়াল স্ট্যুয়ার্ডশিপ প্রেগ্রাম রোগীর আরোগ্যলাভকে ত্বরান্বিত করে, এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্সকে রোধ করে এবং মাল্টি ড্রাগ রেজিস্ট্যান্স অরগানিজম দ্বারা সৃষ্ট ইনফেকশন ছড়ানো হ্রাস করে।

WHO-AWaRe Classification of Antibiotics:

২০১৭ সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক অত্যাবশ্যকীয় ঔষধের তালিকা প্রণয়নের সময় এন্টিবায়োটিককে তিনটি শ্রেণীতে ভাগ করা হয়, যা WHO-AWaRe classification of antibiotic হিসেবে পরিচিত। এন্টিবায়োটিকের শ্রেণীসমূহ হল:

Access : Access গ্রুপের এন্টিবায়োটিকগুলো হল Narrow spectrum এন্টিবায়োটিক, যাদের পার্শ্বপ্রতিক্রিয়ার তুলনায় ভাল safety profile রয়েছে।

Watch: Watch গ্রুপের এন্টিবায়োটিকগুলো হল broader-spectrum এন্টিবায়োটিক এবং যাদেরকে গুরুতর সংক্রমণ রোগের চিকিৎসায় Access গ্রুপের বিকল্প হিসেবে সুপারিশ করা হয়, যখন প্যাথোজেনগুলো Access গ্রুপের এন্টিবায়োটিকের রেজিস্ট্যান্স হয়ে যায় বা সম্ভাবনা থাকে।

Reserve: Reserve গ্রুপের এন্টিবায়োটিকগুলো হল last-choice এন্টিবায়োটিক যা multidrug resistance সংক্রমণের ক্ষেত্রে ব্যবহৃত হয়। (The WHO AWaRe (Access 2022)

(পরিশিষ্ট-২)

Withdrawal period: ঔষধের Withdrawal period বলতে ঔষধের শেষ ডোজ সেবনের নূন্যতম সময়কালকে বুঝায়।

ডিপ্লোমা ফার্মাসিস্ট: ঔষধ ও কসমেটিক্স আইন ২০২৩ মোতাবেক " ডিপ্লোমা ফার্মাসিস্ট" অর্থ বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের রেজিস্টারে "বি" ক্যাটাগরিতে নিবন্ধিত ডিপ্লোমা ফার্মাসিস্ট।

ফার্মেসী টেকনিশিয়ান: ঔষধ ও কসমেটিক্স আইন ২০২৩ মোতাবেক " ফার্মেসী টেকনিশিয়ান " অর্থ বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের রেজিস্টারে "সি" ক্যাটাগরিতে নিবন্ধিত ফার্মেসী টেকনিশিয়ান।

Dispensing (বিতরণ)

ডিসপেন্সিং বলতে যে প্রক্রিয়ায় একটি প্রেসক্রিপশনের ভিত্তিতে প্রেসক্রিপশন বাহককে উক্ত প্রেসক্রিপশন অনুযায়ী যথাযথ প্রক্রিয়ায় ঔষধ সরবরাহ করাকে বুঝায়। ডিসপেন্সিং এর মাধ্যমে প্রেসক্রাইবার কর্তৃক প্রেসক্রিপশনে উল্লিখিত নির্দেশনা মোতাবেক সঠিক ডোজ ও পরিমাণে এবং সঠিক প্যাকেজিং অনুসরণপূর্বক ঔষধ সরবরাহ এবং ঔষধ গ্রহণকারীকে প্রেসক্রিপশন মোতাবেক ঔষধের সেবনবিধি বুঝিয়ে দেওয়াকে বুঝায়। এই প্রক্রিয়া সরকারী, বেসরকারী ক্লিনিক, হেলথ সেন্টার, হাসপাতাল এবং ফার্মেসীতে সম্পাদন করা হয়।

সংক্ষেপণ

AMC	Antimicrobial Consumption
AMU	Antimicrobial Use
AWaRe	Access, Watch, Reserve
BLRI	Bangladesh Livestock Research Institute
CDC	Communicable Disease Control
DLS	Department of Livestock Services
ETP	Effluent Treatment Plant
IEDCR	Institute of Epidemiology, Disease Control & Research
OTC	Over the Counter
TRS	Technical Report Series
WHO	World Health Organization

নির্দেশিকাটির লক্ষ্য ও উদ্দেশ্য (Scope and Purpose of the Guideline)

বাংলাদেশ একটি ঔষধ উৎপাদনকারী দেশ। দেশের চাহিদার ৯৮% ঔষধ স্থানীয়ভাবে উৎপাদিত হয়। দেশে লাইসেন্সধারী ফার্মেসীর সংখ্যা প্রায় ২০,২৫২৮. যেখানে যথাযথভাবে এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপেন্সিং (মানুষ ও প্রাণি চিকিৎসায়) এবং অব্যবহৃত ও মেয়াদোত্তীর্ণ এন্টিমাইক্রোবিয়াল ঔষধের ডিসপোজাল একটি গুরুত্বপূর্ণ বিষয় যা এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স সৃষ্টিতে ভূমিকা রাখে। National Strategy and Action Plan for Antimicrobial Resistance Containment in Bangladesh (2021-2026) এ অনুচ্ছেদ- ৫.১.৯, ৭.২.১, ৭.২.২, ৭.২.৩ এবং ৭.২.৫ মোতাবেক এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর ডিসপেন্সিং এবং ডিসপোজাল পলিসি প্রণয়নের কথা বলা হয়েছে। যার পরিপ্রেক্ষিতে "বাংলাদেশে এন্টিমাইক্রোবিয়াল ঔষধের বিতরণ, ব্যবহার এবং নিষ্পত্তি ব্যবস্থাপনা সংক্রান্ত জাতীয় নির্দেশিকা" প্রণয়ন করা হয়েছে।

এই নির্দেশিকাটি বিচক্ষণতার (Prudent) সাথে মানব ও প্রাণি চিকিৎসায় এন্টিমাইক্রোবিয়াল ঔষধের ব্যবহার ও নিরাপদ ডিসপোজাল নিশ্চিকরণের লক্ষ্যে প্রণীত হয়েছে। এই নির্দেশিকাটির (Guideline) ব্যবহারকারী জনসাধারণ, ঔষধ ব্যবসায়ী, ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসী টেকনিশিয়ান, হাসপাতাল কর্তৃপক্ষ, প্রেসক্রাইবার, ল্যাবরেটরী টেকনিশিয়ান, প্যাথলজিস্ট, ক্লিনিক্যাল মাইক্রোবায়োলজিস্ট, নার্স, রোগী, ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান, ডায়োগনস্টিক সেন্টার, ভেটেরিনারীয়ান, মৎস ও পশুপালনকারী, কৃষিবিদ, জাতীয় ঔষধ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ, স্বাস্থ্য অধিদপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর, মৎস অধিদপ্তর, আইন প্রণয়নকারী সংস্থা, বিভিন্ন এসোসিয়েশন, যেমন- বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি, বাংলাদেশ কেমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতি, ভেটেরিনারী সোসাইটি, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল, বন ও পরিবেশ মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, মৎস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ মেডিক্যাল এসোসিয়েশন, বাংলাদেশ মাইক্রোবায়োলজি সোসাইটি, পোল্ট্রি ইন্ডাস্ট্রি এসোসিয়েশন ইত্যাদি।

এন্টিমাইক্রোবিয়াল ঔষধের বিতরণ এবং নিষ্পত্তি সংক্রান্ত নির্দেশিকাটি ঔষধ ও কসমেটিক্স আইন-২০২৩ এর ১৭ (২) ধারার সাথে সামঞ্জস্য রেখে প্রণয়ন করা হয়েছে। ঔষধ অইনের যথাযথ প্রয়োগ নিশ্চিতকল্পে নির্দেশিকাটি ভূমিকা রাখবে। নির্দেশিকাটির মাধ্যমে নির্দেশিকাটি ব্যবহারকারীগণ এন্টিমাইক্রোবিয়াল ঔষধের গুরুত্ব সম্পর্কে অনুধাবন এবং এন্টিমাইক্রোবিয়াল ঔষধের যথাযথ বিতরণ, ব্যবহার এবং নিষ্পত্তি ব্যবস্থাপনা সম্পর্কে দিকনির্দেশনা পাবে।

আইন ও নীতিমালাঃ

(১) ঔষধ ও কসমেটিক্স আইন-২০২৩ এর ১৪ ধারা মোতাবেক ঔষধের উৎপাদন, বিক্রয়, মজুত, বিতরণ বা বিক্রয়ের উদ্দেশ্যে প্রদর্শনের জন্য লাইসেন্স গ্রহণ।- (১) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট হইতে লাইসেন্স গ্রহণ অথবা লাইসেন্সে আরোপিত শর্ত বর্হিভূত কোন ঔষধ উৎপাদন, বিক্রয়, মজুত, বিতরণ বা বিক্রয়ের উদ্দেশ্যে প্রদর্শন করিতে পারিবেনা।" লাইসেন্স ব্যতীত অথবা লাইসেন্সে আরোপিত শর্ত বহির্ভূত ঔষধ বিক্রয়, মজুত, বিতরণ বা বিক্রয়ের উদ্দেশ্যে প্রদর্শন করা হইলে অনূর্ধ্ব ৫ (পাঁচ) বৎসরের সশ্রম কারাদন্ড অথবা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থ দন্ড অথবা উভয় দন্ডের বিধান রয়েছে।

(২) ঔষধ ও কসমেটিক্স আইন-২০২৩ এর ২২(১) ধারা মোতাবেক নিবন্ধন ব্যতীত ঔষধ উৎপাদন, আমদানি, রপ্তানি, বিক্রয়, বিতরণ, মজুত অথবা প্রদর্শন করা হইলে অনূর্ধ্ব ১০ (দশ) বৎসরের সশ্রম কারাদন্ড অথবা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদন্ড অথবা উভয় দন্ডের বিধান রয়েছে।

(৩) ঔষধ ও কসমেটিক্স আইন-২০২৩ এর ৪০(ক) ধারা মোতাবেক সরকারি ঔষধ বিক্রয় অথবা বিক্রয়ের উদ্দেশ্যে মজুত বা প্রদর্শন করা হইলে অনূর্ধ্ব ১০ (দশ) বৎসরের সশ্রম কারাদন্ড অথবা অনধিক ১০ (দশ) লক্ষ টাকা অর্থদন্ড অথবা উভয় দন্ডের বিধান রয়েছে।

(৪) ঔষধ ও কসমেটিক্স আইন-২০২৩ এর ৪০(খ) ধারা মোতাবেক মেয়াদোত্তীর্ণ তারিখের পর কোন ঔষধ বিক্রয় অথবা বিক্রয়ের উদ্দেশ্যে মজুত বা প্রদর্শন করা হইলে ১ (এক) বৎসরের কারাদন্ড অথবা অনধিক ৫০ (পঞ্চাশ) হাজার টাকা অর্থদন্ড অথবা উভয় দন্ডের বিধান রয়েছে।

(৫) ঔষধ ও কসমেটিক্স আইন-২০২৩ এর ৪০(গ) ধারা মোতাবেক ফিজিশিয়ান স্যাম্পল জাতীয় কোন ঔষধ বিক্রয় অথবা বিক্রয়ের উদ্দেশ্যে মজুত বা প্রদর্শন করা হইলে অনধিক ১০ (দশ) হাজার টাকা অর্থদন্ডের বিধান রয়েছে।

(৬) ঔষধ ও কসমেটিক্স আইন-২০২৩ এর ৪০(ঘ) ধারা মোতাবেক Over the Counter ঔষধ ছাড়া রেজিস্টার্ড চিকিৎসকের ব্যবস্থাপত্র ব্যতীত কোন ঔষধ বিক্রয় করা হইলে অনধিক ২০ (বিশ) হাজার টাকা অর্থদন্ডের বিধান রয়েছে।

(৭) ঔষধ ও কসমেটিক্স আইন-২০২৩ এর ৪৫ ধারা মোতাবেক "ঔষধ বিক্রয়ের ক্ষেত্রে যোগ্যতা সম্পন্ন ব্যক্তির তত্ত্বাবধান, ইত্যাদি।- (১) কোন ব্যক্তি খুচরা বিক্রেতা হিসেবে ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসী টেকনিশিয়ান, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসী টেকনিশিয়ান অথবা ফার্মেসী টেকনিশিয়ানের ব্যক্তিগত তত্ত্বাবধান ব্যতীত অ্যালোপ্যাথিক ঔষধ বিক্রয় করিতে পারিবেন না।"

(৮) ঔষধ ও কসমেটিক্স আইন-২০২৩ এর ৪২ ধারা মোতাবেক "ঔষধ উৎপাদনের কাঁচামাল, ঔষধের প্যাকেজিং ম্যাটেরিয়াল, ইত্যাদি সংগ্রহ ও আমদানি সংগ্রহ বিধি-নিষেধ।-(১) লাইসেন্সিং কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে, নিবন্ধনকৃত ঔষধ উৎপাদনের কাঁচামাল বা ঔষধের প্যাকেজিং ম্যাটেরিয়াল, স্থানীয়ভাবে সংগ্রহ বা আমদানি করা যাইবে না।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষের পূর্বানুমোদন ব্যতিরেকে, ঔষধ উৎপাদনের জন্য কোন ধরনের অর্ধ প্রস্তুত (Semi Finished) ঔষধ অথবা অন্য কোনো প্রয়োজনীয় উপাদান বা উপকরণ আমদানি করা যাইবে না।"

(৯) মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের দায়েরকৃত রিট পিটিশন নং- ৪৬০৮/২০১৯ মোতাবেক রেজিস্টার্ড চিকিৎসকের ব্যবস্থা পত্র ছাড়া খোলা বাজারে এন্টিবায়োটিক বিক্রয় প্রতিরোধে ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রতি নির্দেশনা রয়েছে।

Good Dispensing Practice (ভাল বিতরণ অনুশীলন)

Dispensing হল rational use of medicine এর অন্যতম একটি উপাদান। Dispensing এর সময় যে বিষয়গুলোর প্রতি লক্ষ্য রাখা উচিত তা হল:

১. **Dispensing environment:**

Dispensing environment পরিষ্কার পরিচ্ছন্ন, স্বাস্থ্যকর এবং দূষণমুক্ত (uncontaminated) হতে হবে। Dispensing environment সুসজ্জিত হওয়া প্রয়োজন যাতে সঠিক ও কার্যকরভাবে Dispensing করা সম্ভব হয়।

Dispensing environment বলতে- ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসী টেকনিশিয়ান, কর্মচারী, ডিসপেন্সিং এরিয়া, শেলফ এবং স্টোরেজ এরিয়া, কর্মক্ষেত্র, ইকুইপমেন্ট এবং প্যাকেজিং ম্যাটেরিয়াল বুঝায়। ডিসপেন্সিং এর সাথে সম্পৃক্ত ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসী টেকনিশিয়ান, কর্মচারীকে ব্যক্তিগত স্বাস্থ্যবিধি (good personal hygiene) অনুসরণ করতে হবে এবং এপ্রোন পরতে হবে।

২. **Dispensing person:**

ঔষধ এবং কসমেটিক্স আইন-২০২৩ মোতাবেক ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসী টেকনিশিয়ান ঔষধ ডিসপেন্সিং এ দায়িত্বপ্রাপ্ত। ডিসপেন্সারকে অবশ্যই ডিসপেন্সিং প্রক্রিয়া সম্পর্কে দক্ষতা, প্রশিক্ষণ, জ্ঞান ও মনোভাব থাকতে হবে। যে ঔষধ ডিসপেন্স করবেন সে সম্পর্কে সঠিক ধারণা, সাধারণ ব্যবহার, ব্যবহারের পদ্ধতি সম্পর্কে সতর্কতা, সঠিক ডোজ, অন্যান্য ঔষধ বা খাবারের সাথে সাধারণ মিথস্ক্রিয়া, common side effects, common interactions, যথাযথ সংরক্ষণ পদ্ধতি সম্পর্কে ডিসপেন্সারের পূর্ণাঙ্গ জ্ঞান এবং প্রশিক্ষণ থাকতে হবে। ডিসপেন্সারের গাণিতিক হিসাব করার দক্ষতা, পরিষ্কার পরিচ্ছন্নতা অনুসরণ, সততা এবং রোগী বা ঔষধ গ্রহীতার সাথে যোগাযোগের দক্ষতা থাকতে হবে।

৩. **Dispensing Process:**

Dispensing Process মূলত ০৬ (ছয়) টি ধাপে বিভক্ত:

ক) প্রেসক্রিপশন রিসিভ করা এবং ভেলিডেট করা
খ) প্রেসক্রিপশন সঠিকভাবে বুঝতে পারা
গ) প্রেসক্রিপশন মোতাবে শেলফ হতে ঔষধ সংগ্রহ করে একত্রিত করা
ঘ) পুনরায় প্রেসক্রিপশনের সাথে ঔষধগুলি মিলিয়ে দেখা
ঙ) রেকর্ড মেইনটেইন করা এবং মানি রিসিপ্ট প্রস্তুত করা
চ) রোগী বা ঔষধ গ্রহীতাকে প্রেসক্রিপশন মোতাবেক ঔষধের সেবনবিধি, ডোজ, common side effects, common interactions, যথাযথ সংরক্ষণ পদ্ধতি সম্পর্কে বুঝিয়ে দেওয়া।

Figure 30-2 The dispensing cycle



ঔষধ ডিসপেন্সিং এ দায়িত্বপ্রাপ্ত ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসী টেকনিশিয়ান অবশ্যই নিম্নোক্ত বিষয়গুলো নিশ্চিত করবে:

(ক) কোন নষ্ট, নকল, নিম্নমান সম্পন্ন অথবা মেয়াদোত্তীর্ণ ঔষধ ডিসপেন্সিং করা হয়নি;

(খ) ঔষধ প্রশাসন অধিদপ্তর হতে নিবন্ধিত ঔষধ ডিসপেন্সিং করা হয়েছে (MA বা DAR নম্বর সমৃদ্ধ);

(গ) Physician Sample ডিসপেন্স না করা;

(ঘ) ১২ বছরের নিচের শিশুদের কাছে ঔষধ ডিসপেন্স বা বিক্রয় থেকে বিরত থাকা;

(ঙ) ব্যবস্থাপত্র ছাড়া Prescription only medicine ডিসপেন্স না করা;

(চ) Full Course ঔষধ ডিসপেন্সিং করা এবং রোগীকে Full Course ঔষধ সেবনে পরামর্শ দেওয়া;

(ছ) ঔষধ প্রশাসন অধিদপ্তরের বর্তমান আইন, অধ্যাদেশ ও নিয়ম মেনে ঔষধ ডিসপেন্সিং করা।

রোগীকে ঔষধ সম্পর্কে পরামর্শ প্রদান (Patient Counselling)

ফার্মেসি ত্যাগ করার পূর্বে দায়িত্বপ্রাপ্ত ফার্মাসিস্ট অবশ্যই রোগীকে নিম্নোক্ত পরামর্শ প্রদান করবেন:

ঔষধের মাত্রা সম্পর্কিত নির্দেশনা ও প্রয়োজনীয় তথ্য প্রদান;

১. ঔষধের নিরাপদ ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে ঔষধের প্রয়োজনীয় তথ্য ও উপদেশ (ডিসপেন্সিংকৃত পণ্যের সাথে থাকা নির্দেশনাসহ) ঔষধ গ্রহণকারীকে বুঝিয়ে দেওয়া;
২. ঔষধ শিশুদের নাগাল হতে দূরে রাখার জন্য ঔষধ গ্রহণকারীকে সতর্ক করা;
৩. রোগী/ গ্রহীতার গোপনীয়তা বজায় রাখা, রোগীকে পরামর্শ প্রদানকালে আলাদা জায়গা ব্যবহার করা অথবা ঔষধ ডিসপেন্সার এর সাথে গোপনীয় আলোচনার জন্য অন্যান্য গ্রহীতাদের লাইনের পেছনে দাঁড়ানোর ব্যবস্থা করা;

ডিসপেন্সিং এর পাত্র

১. যদি কোন তরল ঔষধ/ পণ্য উৎপাদনকারী কর্তৃক অনেক বড় পাত্রে সরবরাহ করা হয় তবে বড় পাত্র থেকে ছোট পাত্রে পুনরায় ডিসপেন্সিং করলে অবশ্যই মুখবন্ধ পাত্রে ডিসপেন্সিং করতে হবে;
২. পুনরায় ডিসপেন্সিংকৃত সকল ঔষধ আর্দ্রতা, আলো, বাহ্যিক চাপ ও দুষণ থেকে সুরক্ষিত থাকতে হবে;
৩. ঔষধ ডিসপেন্সিং এর পাত্রের উপর লিখে অথবা আঠাযুক্ত স্টিকার লাগিয়ে লেবেল দিতে হবে।

ডিসপেন্সিং এর প্রয়োজনীয় উপকরণ নীচের উপকরণগুলো অবশ্যই থাকতে হবে

১. কাউন্টিং ট্রে;
২. স্প্যাচুলা;
৩. ঔষধ মাপার যন্ত্র (Weighing Balance/Scale);
৪. হামানদিস্তা ও নোড়া (মর্টার ও পেস্টল);
৫. শরীরের ওজন মাপার যন্ত্র।

ডিসপেন্সিংকৃত ঔষধের লেবেল

ডিসপেন্সিংকৃত ঔধের উপর লাগানো লেবেল অবশ্যই পরিষ্কার ও সহজপাঠ্য হতে হবে এবং প্রয়োজনে এই লেবেলে স্থানীয় ভাষা অথবা ছবি ব্যবহার করতে হবে যাতে রোগী সহজে ঔষধ চিনতে/ বুঝতে পারে;

ডিসপেন্সিংকৃত ঔষধের লেবেলে অবশ্যই প্রয়োজনীয় সতর্কীকরণ বার্তা ও উপদেশমূলক লেবেল থাকতে হবে; ডিসপেন্সিংকৃত ঔষধের লেবেলে নিম্নোক্ত তথ্যসমূহ থাকা বাঞ্ছনীয়

(ক) রোগীর নাম ও ঠিকানা;

(খ) ঔষধের নাম;

(গ) ঔষধ ব্যবহারের নির্দেশনা, স্ট্রেন্থ/ মাত্রা, ডোজেস ফরম ও সরবরাহকৃত ঔষধের মোট পরিমাণ;

(ঘ) বাহ্যিক ব্যবহারযোগ্য ঔষধের ক্ষেত্রে ঔষধের লেবেলে অবশ্যই 'শুধুমাত্র বাহ্যিক ব্যবহারের জন্য' লেখা থাকতে হবে;

(ঙ) মেয়াদোত্তীর্ণের তারিখ।

ঔষধ সংরক্ষণ

১. Prescription only ঔষধগুলো একটি নিরাপদ স্থানে রাখতে হবে যেখানে সর্বসাধারণের প্রবেশের সুযোগ থাকবে না। নিরাপদ স্থানটিতে অথবা আলাদা কক্ষ/ স্লাইডিং কাঁচসহ শেলফ বা তালা দেয়া যায় এমন কাপবোর্ড বা ড্রয়ারে এসব ঔষধ রাখা যাবে;
২. ডিসপেন্সিং এর জায়গায় স্লাইডিং কাঁচসহ শেলফ থাকতে হবে যা ঔষধকে ধুলাবালি থেকে রক্ষা করবে, ঔষধগুলো Alphabetically (বর্ণমালা অনুসারে) অথবা থেরাপিউটিক শ্রেণি অনুসারে সাজাতে হবে। সলিড ঔষধ (Solid Dosage Forms), তরল ঔষধ, মুখে খাওয়ার ঔষধ হতে বাহ্যিক ব্যবহারযোগ্য ঔষধ প্রতিটি ব্যবহার অনুযায়ী আলাদা ভাবে সাজিয়ে রাখতে হবে। Prescription only সকল ঔষধ শেলফে ডিসপেন্সিং এলাকার পিছনে থাকবে;
৩. এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ আলাদা শেলফ এ সংরক্ষণ করতে হবে।
৪. ঔষধ প্রশাসনের তালিকাভুক্ত সকল ফার্মাসিউটিক্যাল পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানের মূল প্যাকেটে সংরক্ষণ করতে হবে এবং মূল লেবেলসহ সঠিকভাবে লেবেল করতে হবে। ডিসপেন্সিং হওয়ার পূর্ব পর্যন্ত উৎপাদনকারীর নির্ধারিত সংরক্ষণ শর্ত (যেমন: রেফ্রিজারেটর/ শীতলীকরণ যন্ত্রে সংরক্ষণের ঔষধ যথাযথ ভাবে সংরক্ষণ করা) মেনে চলতে হবে;
৫. নষ্ট ও মেয়াদোত্তীর্ণ ঔষধসমূহ আলাদা করে, নথিভূক্ত করে, নির্দিষ্ট পাত্রে সীল করে উপরে লাল কালি দিয়ে 'মেয়াদোত্তীর্ণ ও নষ্ট ঔষধ-বিক্রির জন্য নয়' লেখা লেবেল দিতে হবে;
৬. মেঝেতে, চলাচলের স্থানে, টয়লেট অথবা কর্মীদের বিশ্রামের জায়গায় কোন ঔষধ রাখা/ সংরক্ষণ করা যাবে না;
৭. টিকা/ ভ্যাকসিন সংরক্ষণকালে অবশ্যই কোল্ড চেইন বা নির্ধারিত গাইডলাইন মেনে সংরক্ষণ করতে হবে;
৮. প্রেসক্রিপশন ছাড়াই রোগী/ ক্রেতার কাছে সরাসরি বিক্রয়যোগ্য অনুমোদিত ঔষধসমূহ (Over-the-Counter Medicines) পেশাগত সেবা প্রদানের জায়গার (Professional Service Area) বাইরে রাখা যেতে পারে, তবে দায়িত্বপ্রাপ্ত ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসী টেকনিশিয়ান দ্বারা কার্যকারী তত্ত্বাবধানের জন্য কাছাকাছি স্থানে সংরক্ষণ বা মজুদ রাখা ভালো।

স্বাস্থ্যবিধি/ পরিচ্ছন্নতা

১. সংক্রামক রোগে আক্রান্ত (যেমন: চুলকানী, যক্ষ্মা, কুষ্ঠ ইত্যাদি) কোন কর্মী দ্বারা ঔষধ ডিসপেন্সিং করা যাবে না;
২. খালি হাতে ট্যাবলেট ও ক্যাপসুল গোনা নিষিদ্ধ;
৩. ফার্মেসিতে দেয়াল, মেঝে, ছাদ ও আসবাবপত্র পরিষ্কার পরিচ্ছন্ন ও পরিপাটি রাখতে হবে। সুস্বাস্থ্য বজায় রাখতে ও সংক্রমণ নিয়ন্ত্রণ করতে সরঞ্জামাদির পরিচ্ছন্নতা বজায় রাখতে হবে;
৪. ফার্মেসিকে অবশ্যই নিয়মিতভাবে পরিষ্কার করার সময়সূচি মেনে চলতে হবে। মেঝে প্রতিদিন ও প্রয়োজন মাফিক পরিষ্কার করতে হবে। ধুলামুক্ত পরিবেশ বজায় রাখার জন্য ঔষধের শেলফ নিয়মিত পরিষ্কার করতে হবে;
৫. ঔষধ ডিসপেন্সিং এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন ও গোছানো থাকতে হবে;
৬. ফার্মেসিতে ঔষধ ডিসপেন্সিং এলাকায় কোন কর্মী খেতে পারবে না। কর্মীদের খাওয়ার জন্য আলাদা জায়গা থাকতে হবে;
৭. ঔষধ ডিসপেন্সিং এলাকায় অবশ্যই টয়লেট থাকবে না। টয়লেটে প্রবাহমান পানি (ট্যাপ ওয়াটার), সাবান ও পরিষ্কার তোয়ালেসহ হাত ধোয়ার সুবিধা অবশ্যই থাকতে হবে এবং সেই সাথে হাত ধোয়ার নির্দেশনা সম্বলিত দৃষ্টি আর্কষণকারী নোটিস প্রদর্শন করতে হবে;
৮. ঔষধ সংরক্ষণ করার স্থান হিসাবে বা ঔষধ ডিসপেন্সিং এ পানির উৎস হিসেবে টয়লেট ব্যবহার করা যাবে না।

তথ্য সংরক্ষণ ও নথি তৈরি

১. ডিসপেন্সিংকৃত সকল ঔষধ বিশেষ করে এন্টিমাইক্রোবিয়াল ঔষধের বিক্রয়ের তথ্য ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত রেজিস্টারে লিখে রাখতে হবে;
২. ডিসপেন্সিংকৃত প্রতিটি প্রেসক্রিপশন/ ব্যবস্থাপত্রের জন্য নিম্নলিখিত তথ্য সংরক্ষণ করতে হবে
(ক) প্রতিটি এন্ট্রির ক্রমিক নম্বর;
(খ) বিক্রির তারিখ;
(গ) প্রেসক্রিপশনকারীর নাম/ কোড নম্বর, ঠিকানা;
(ঘ) রোগীর নাম ও অবস্থা (যে কারনে প্রেসক্রিপশন লেখা হয়েছে তা যদি জানা থাকে); (ঙ) ওষুধের নাম ও সরবরাহকৃত ওষুধের পরিমাণ;
৩. Prescription only এবং Over-the-Counter (OTC) সকল ঔষধ সরবরাহকারী/ উৎপাদক থেকে ক্রয়ের রশিদ ও চালানসমূহ ফার্মেসির স্বয়ংক্রিয় (কম্পিউটারভিত্তিক) ব্যবস্থায় সংরক্ষণ করতে হবে। এই রশিদ ও চালানসমূহের কপি ফার্মেসিতে কমপক্ষে ২ বছর সংরক্ষণ করতে হবে;
৪. ঔষধ ক্রয়ের তথ্য সংরক্ষণের জন্য একটি রেজিস্টার থাকবে যাতে কমপক্ষে নিম্নোক্ত তথ্যগুলো থাকবে-
(ক) সরবরাহকারীর নাম; (খ) ক্রয়ের তারিখ; (গ) ঔষধের নাম ও পরিমাণ; (ঘ) উৎপাদনকারীর নাম, ব্যাচ নম্বর ও মেয়াদোত্তীর্ণের তারিখ;

৫. মেয়াদোত্তীর্ণ পণ্যের তথ্য অবশ্যই সংরক্ষণ করতে হবে;

৬. প্রতিটি ফার্মেসিতে ঔষধ প্রশাসন অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় বা অন্যান্য নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ থেকে প্রাপ্ত চিঠিপত্রের (যেমন: ঔষধ প্রত্যাহারের নোটিস) একটি নথি অবশ্যই সংরক্ষণ করতে হবে;

৭. ফার্মেসিতে অবশ্যই সকল পরিদর্শনের নথি সংরক্ষণ করতে হবে;

৮. ফার্মাকোভিজিলেন্সের অংশ হিসাবে ফার্মেসিতে অবশ্যই ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক অনুমোদিত ঔষধের বিরুপ প্রতিক্রিয়া ফর্ম (ADR Reporting Form) সংরক্ষণ করতে হবে এবং ঔষধের বিরুপ প্রতিক্রিয়া সম্পর্কে ঔষধ প্রশাসন অধিদপ্তরকে নিয়মিত জানাতে হবে।

এন্টিমাইক্রোবিয়াল ঔষধের বিতরণ (Dispensing) সংক্রান্ত নির্দেশনা

ঔষধ ব্যবসা পরিচালনা এবং এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর বিষয়ে সতর্কতা:

(১) ঔষধ ও কসমেটিক্স আইন-২০২৩ এর ১৪ ধারা মোতাবেক ঔষধের উৎপাদন, বিক্রয়, মজুত, বিতরণ বা বিক্রয়ের উদ্দেশ্যে প্রদর্শনের জন্য লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক।

(২) ঔষধ ও কসমেটিক্স আইন-২০২৩ এর ৪৫ ধারা মোতাবেক ঔষধ বিক্রয়ের ক্ষেত্রে যোগ্যতা সম্পন্ন ব্যক্তির তত্ত্বাবধান, ইত্যাদি।- (১) কোন ব্যক্তি খুচরা বিক্রেতা হিসেবে ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসী টেকনিশিয়ান, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসী টেকনিশিয়ান অথবা ফার্মেসী টেকনিশিয়ানের ব্যক্তিগত তত্ত্বাবধান ব্যতীত অ্যালোপ্যাথিক ঔষধ বিক্রি করতে পারবেন না।

সুতরাং ঔষধ ব্যবসা পরিচালনার জন্য অবশ্যই ড্রাগ লাইসেন্স থাকতে হবে এবং ফার্মাসিস্টের উপস্থিতি নিশ্চিত করতে হবে।

এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহের ব্যবহার এবং ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসী টেকনিশিয়ান দায়িত্ব:

ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসী টেকনিশিয়ান যখন ফার্মেসীতে কাজ করেন তখন তারা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন এবং তাদের সামাজিক দায়িত্ব অনেক। রোগী প্রেসক্রিপশন বা ব্যবস্থাপত্র নিয়ে ফার্মেসীতে আসে ঔষধ ক্রয়ের জন্য। ঔষধ ও কসমেটিক্স আইন-২০২৩ এর ৪৫ ধারা মোতাবেক ফার্মেসীতে ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসী টেকনিশিয়ান উপস্থিত থাকা বাধ্যতামূলক। ফার্মাসিস্টের তত্ত্বাবধান ছাড়া কোন ঔষধ ডিসপেন্সিং করা আইনত অপরাধ। রোগী বা রোগীর কোন আত্মীয় ফার্মেসীতে আসলে ব্যবস্থাপত্র অনুযায়ী ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসী টেকনিশিয়ান প্রয়োজনীয় ঔষধ সরবরাহ করেন এবং পথ্য সম্পর্কে রোগীকে ধারণা দিয়ে থাকেন। Over the Counter (OTC) (পরিশিষ্ট-৩) ঔষধ ছাড়া রেজিস্টার্ড চিকিৎসকের ব্যবস্থাপত্র ব্যতীত এন্টিবায়োটিক বা অন্য কোন ঔষধ বিক্রয় করা একটি শাস্তি যোগ্য অপরাধ এবং ঔষধ ও কসমেটিক্স আইন-২০২৩ এর ৪০ (ঘ) ধারা মোতাবেক অনধিক ২০,০০০ (বিশ হাজার) টাকা শাস্তির বিধান রয়েছে। অতএব কোন ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসী টেকনিশিয়ান যদি রোগী চাহিবামাত্র অথবা রোগী কোন রোগের উপসর্গের কথা বলামাত্র এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ সরবরাহ করেন/বিক্রি করেন, তাহলে এটি শুধু ঔষধের অপব্যবহারই নয় বরং এটি একটি অপরাধ। ফার্মাসিস্টের এই অপরাধের কারণে এন্টিমাইক্রোবিয়াল ঔষধের অপব্যবহার কি মারাত্মক ক্ষতি করছে তার অনেক উদাহরণ রয়েছে।

উদাহরণঃ

রোগীর শরীরে ব্যাকটেরিয়াজনিত সংক্রমণের ক্ষেত্রে চিকিৎসকগণ সাধারণত এন্টিবায়োটিক প্রেসক্রাইব করেন । এছাড়াও ইনফেকশনের ধরণের উপর নির্ভর করে এন্টিবায়োটিক এবং ডোসেজ রেজিমেন নির্ধারণ করেন। ধরা যাক একজন ফার্মাসিস্ট/ ডিপ্লোমা ফার্মাসিস্ট/ ফার্মেসী টেকনিশিয়ান জানেন সাধারণত সর্দি-কাশি হলেও তা ইনফেকশনজনিত নাও হতে পারে। তাই সাধারণত সর্দি-কাশি নিয়ে কোন রোগী ফার্মেসীতে আসা মাত্র ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসী টেকনিশিয়ান তাকে "ক্লক্সাসিলিন" দিয়ে বলল দিনে ২ বার এভাবে তিন দিন খেতে হবে। এখানে ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসী টেকনিশিয়ান যে অপরাধ ও ভুল করলেন তা হল:

১. প্রথমত, সাধারণ সর্দি-কাশিতে কোন এন্টিবায়োটিক লাগে না।
২. চিকিৎসকের ব্যবস্থাপত্র ছাড়া এন্টিবায়োটিক ডিসপেন্স করে আইন ভঙ্গ করলেন। এতে করে তার শাস্তি হতে পারে।
৩. রোগীকে অতিরিক্ত আর্থিক ক্ষতির সম্মুখীন করলেন।
৪. রোগীকে ডাক্তারের কাছে যাওয়া থেকে বিরত করে রোগীকে সঠিক চিকিৎসা থেকে বঞ্চিত করলেন।
৫. রোগীকে ব্যবস্থাপত্র দেওয়ার সময় ক্লক্সাসিনের পরিমাণ (Dose), দিনে কয়বার (Frequency), কত ঘন্টা পরপর এবং কতদিন পর্যন্ত খেতে হবে - এর কোনটি সঠিকভাবে বলতে না পারায় এবং প্রয়োজন না থাকা সত্ত্বেও এন্টিবায়োটিক ডিসপেন্স করায় রোগ নিরাময়ের পরিবর্তে বিস্তৃতি ঘটতে বাধ্য, অর্থাৎ এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স হবে বা ঔষধটি কার্যকারিতা হারাবে এবং ভবিষ্যতে "ক্লক্সাসিলিন" আর ঐ রোগীর শরীরে কাজ করবে না।

ফার্মাসিস্ট/ ডিপ্লোমা ফার্মাসিস্ট/ ফার্মেসী টেকনিশিয়ান এর এ ধরনের ডিসপেন্সিং এর কারণে আমাদের দেশে অনেক জীবনরক্ষাকারী এন্টিমাইক্রোবিয়াল ঔষধ কাজ করে না। দিনে দিনে এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স বেড়েই চলেছে।

এন্টিমাইক্রোবিয়াল ঔষধগুলো ডিসপেন্সিং এ ফার্মাসিস্ট/ ডিপ্লোমা ফার্মাসিস্ট/ ফার্মেসী টেকনিশিয়ান এর করণীয়ঃ (Union 2017)

১. অনিবন্ধিত, মেয়াদ উত্তীর্ণ, সরকারী, ফিজিশিয়ান স্যাম্পল, নকল এন্টিমাইক্রোবিয়াল ঔষধ বিক্রয়, মজুত, বিক্রয়ের জন্য প্রদর্শন করা যাবে না। এটি ঔষধ ও কসমেটিক্স আইন-২০২৩ মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ।
২. এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ প্রেসক্রিপশন বা ব্যবস্থাপত্র ছাড়া বিক্রি করা যাবে না। যা ঔষধ ও কসমেটিক্স আইন-২০২৩ মোতাবেক শাস্তিযোগ্য অপরাধ।
৩. নন-কোয়ালিফাইড পার্সন যেমন, ভিলেজ কোয়াক এর প্রেসক্রিপশন মোতাবেক বা কোয়ালিফাইড ডাক্তারের প্রেসক্রিপশন ছাড়া রোগীর চাহিদা মোতাবেক এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপেন্স করা যাবে না।
৪. ফার্মেসী যখন এন্টিমাইক্রোবিয়াল ঔষধ রিসিভ করে তার একটি রেজিস্টার/ ডাটাবেজ মেইন টেইন করা, কি পরিমান এন্টিমাইক্রোবিয়াল ঔষধ বিক্রি করল তার রেজিস্টার মেইনটেইন করা (পরিশিষ্ট-৪) এবং এন্টিমাইক্রোবিয়াল ঔষধ বিক্রির বিপরীতে প্রেসক্রিপশনগুলো সংরক্ষণ করা।
৫. প্রতিটি ফার্মেসীতে এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ব্যবহার নির্দেশিকা দৃশ্যমান স্থানে প্রদর্শনের ব্যবস্থা করতে হবে। (পরিশিষ্ট-৫)
৬. এন্টিমাইক্রোবিয়াল ঔষধগুলো ফার্মেসীতে আলাদা শেলফ এ সংরক্ষণ করতে হবে।
৭. এন্টিমাইক্রোবিয়াল ঔষধগুলো যথাযথ তাপমাত্রায় (ঔষধের মোড়কে নির্দেশিত তাপমাত্রা) সংরক্ষণ করতে হবে এবং ফার্মেসীতে ঔষধ সংরক্ষণের তাপমাত্রা ও আর্দ্রতা পরিমাপের ব্যবস্থা থাকতে হবে।
৮. ক্রেতাকে প্রেসক্রিপশন অনুযায়ী এন্টিমাইক্রোবিয়াল ঔষধ সেবনবিধি বুঝিয়ে দিতে হবে।
৯. প্রেসক্রিপশন ছাড়া/ ফটোকপি প্রেসক্রিপশন দিয়ে কোন এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপেন্স করা যাবে না। এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপেন্সিং এর সময় প্রেসক্রিপশনে "সম্পূর্ণ কোর্স প্রদান করা হল"/ যে কয় দিনের ডোজ ডিসপেন্স করছেন ".. .. .. দিনের কোর্স প্রদান করা হল" এরূপ সিল দিতে হবে। (পরিশিষ্ট-৬) "সম্পূর্ণ কোর্স প্রদান করা হল" সিলযুক্ত প্রেসক্রিপশন মোতাবেক পরবর্তীতে আর কোন এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপেন্স করা যাবে না।

এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপেন্সিং মনিটরিং এ ঔষধ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের দায়িত্বঃ

ঔষধ প্রশাসন অধিদপ্তর জাতীয় ঔষধ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসেবে (মানব ও প্রাণী স্বাস্থ্য সুরক্ষায়) দায়িত্বপ্রাপ্ত। ঔষধ প্রশাসন অধিদপ্তরের মার্কেট সার্ভিল্যান্স এন্ড কন্ট্রোল সেল ফার্মেসীসমূহ মনিটরিং এবং পোস্ট মার্কেটিং সার্ভিল্যান্স কার্যাদি পরিচালনা করে থাকে। এছাড়াও ঔষধ প্রশাসন অধিদপ্তরের এএমআর-সেল এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স বিষয়ে সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা, সার্ভিল্যান্স কার্যাদি সম্পাদন সহ বিভিন্ন গাইডেন্স ডকুমেন্টস প্রণয়ন করে থাকে।

জাতীয় ঔষধ নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের দায়িত্বঃ

১. নিয়মিত ফার্মেসীসমূহ পরিদর্শন করা।
২. **ফার্মেসী পরিদর্শনের সময় নিম্নোক্ত বিষয়াদি মনিটরিং করাঃ (পরিশিষ্ট-১১)**
   ক. এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ বৈধ সোর্স হতে যথাযথ ইনভয়েসের মাধ্যমে ক্রয় করা।
   খ. ফার্মেসীতে এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ আলাদা শেলফ এ সংরক্ষণ করা।
   গ. সঠিক তাপমাত্রায় এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ সংরক্ষণ করা।
   ঘ. ফার্মেসীতে এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ ক্রয় এবং বিক্রয়ের রেজিস্টার/ডাটাবেজ মেইনটেইন করা। এন্টিমাইক্রোবিয়াল ঔষধ বিক্রয়ের সময় প্রেসক্রিপশন সংরক্ষণ করা।
   ঘ. প্রেসক্রিপশন ছাড়া এন্টিমাইক্রোবিয়াল ঔষধ বিক্রয় করলে ঔষধ ও কসমেটিক্স আইন-২০২৩ মোতাবেক জরিমানা করা।
   ঙ. এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স বিষয়ে ফার্মেসী রিটেলারদের মধ্যে সচেতনতামূলক সভা করা এবং বিভিন্ন সচেতনতামূলক ম্যাটেরিয়ালস, যেমন-পোস্টার, লিফলেট ইত্যাদি বিতরণ করা।
   চ. ফার্মাসিস্টের উপস্থিতি মনিটরিং করা এবং ডিসপেন্সিং সংক্রান্ত বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা।

ছ. ফার্মেসীতে বিক্রির জন্য সংরক্ষিত আনরেজিস্টার্ড, মিসব্রান্ডেড, নকল-ভেজাল, বাতিলকৃত, মেয়াদোত্তীর্ণ, ফিজিশিয়ান স্যাম্পল, সরকারি ঔষধ খুঁজে বের করা এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা।

জ. Substandard প্রতিরোধে নিয়মিত Risk based post marketing sampling করা।

ঝ. ঔষধ প্রশাসন অধিদপ্তর শুধু মানুষ নয় প্রাণী স্বাস্থ্য সুরক্ষায়ও ঔষধ সংক্রান্ত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত। যে কারণে বিভিন্ন ধরণের ফার্ম যেমন, গবাদী পশু বা মৎস ও প্রাণী চিকিৎসায় ব্যবহৃত এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে ঔষধ প্রশাসন অধিদপ্তরের দায়িত্ব রয়েছে। ঔষধ প্রশাসন অধিদপ্তর মানব চিকিৎসায় ব্যবহৃত medically important এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর মধ্যে ৩৪ টি ঔষধ প্রাণী চিকিৎসায় বাতিল করেছে। (পরিশিষ্ট-৭)

এই বাতিলকৃত এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ খামারীগণ ব্যবহার করছে কিনা বা চোরাইপথে দেশে আসছে কিনা এ বিষয়ে মার্কেট সার্ভিল্যান্স করা ঔষধ প্রশাসন অধিদপ্তরের দায়িত্ব। ঔষধ প্রশাসন অধিদপ্তর প্রাণী সম্পদ অধিদপ্তরের সাথে যৌথভাবে খামারে এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর ব্যবহার মনিটরিং করবে।

ভবিষ্যতে এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহের রেজিস্ট্যান্স রোধে বিভিন্ন প্রামাণাদীর উপর ভিত্তি করে মানব চিকিৎসায় ব্যবহৃত medically important এন্টিমাইক্রোবিয়াল ঔষধ প্রাণি চিকিৎসায় বাতিল করবে। একইসাথে ঔষধ প্রশাসন অধিদপ্তর প্রাণী সম্পদ অধিদপ্তরের সাথে যৌথভাবে প্রাণি চিকিৎসায় এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর ব্যবহার কমাতে বিভিন্ন নীতিমালা প্রণয়ন করবে।

ঞ. প্রিমিক্সে এন্টিবায়োটিক ব্যবহৃত হচ্ছে কিনা তা মনিটরিং করা।

ট. খামারীগণ প্রাণী চিকিৎসায় ভেটেরিনারীয়ানের পরামর্শ মোতাবেক withdrawal period maintains করছে কিনা তা মনিটরিং করা।

ঠ. নিয়মিত Antimicrobial consumption (AMC)/ Use (AMU) surveillance পরিচালনা করা।

ড. ঔষধের অনিয়ম সংক্রান্ত অ্যাকশন কমিটি কর্তৃক জনসচেতনতা সৃষ্টি এবং আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা।

এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপেন্সিং এ ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের দায়িত্ব:

বাংলাদেশের ঔষধ শিল্প ২০১৮ সালে সরকার কর্তৃক থ্রাস্ট সেক্টর হিসেবে ঘোষিত হয়েছে। দেশের চাহিদার প্রায় ৯৮% ঔষধ দেশেই উৎপাদিত হয়। দেশে ঔষধের একটি বিশাল বাজার রয়েছে, যে কারণে এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর ক্ষেত্রে এগ্রেসিভ মার্কেটিং একটি বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে। ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের ডিপো হতে ফার্মেসীসমূহে ঔষধ সরবরাহ করা হয়। ঔষধের মাননিশ্চিত করণের পাশাপাশি ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের ডিসপেন্সিং-এ ও ভূমিকা রয়েছে। যথা:

ক. এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহের ক্ষেত্রে "এগ্রেসিভ মার্কেটিং প্রাকটিস" পরিহার করে Code of Pharmaceuticals Marketing Practice অনুসরণ করতে হবে।

খ. সকল ঔষধের পাশাপাশি এন্টিমাইক্রোবিয়াল ঔষধ উৎপাদনে Good Manufacturing Practice (GMP) গাইডলাইন অনুসরণ করতে হবে।

গ. এন্টিমাইক্রোবিয়াল ঔষধ উৎপাদন ও বিতরণে যথাযথ তাপমাত্রা ও আর্দ্রতা মেইনটেইন করতে হবে।

ঘ. এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহের বিরূপ প্রতিক্রিয়ার রিপোর্ট ঔষধ প্রশাসন অধিদপ্তরের ফার্মাকোভিজিল্যান্স সেল এ দাখিল করতে হবে। এ ক্ষেত্রে "DGDA Drug Verification" অ্যাপস এর মাধ্যমেও দাখিল করা যাবে। *(Link: https://play.google.com/store/apps/details?id=com.adr.dgda.bd&pli=1)*

ঙ. ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের ডিপো হতে ফার্মেসীতে এন্টিমাইক্রোবিয়াল ঔষধ সরবরাহের সময় যথাযথ ইনভয়েস মেইনটেইন করতে হবে। (পরিশিষ্ট-৬)

চ. প্রতিবছর Antimicrobial consumption (AMC) surveillance পরিচালনার লক্ষ্যে Antimicrobial Distribution data ডাটা ঔষধ প্রশাসন অধিদপ্তরে দাখিল করতে হবে।

ছ. মেয়াদোত্তীর্ণ/left over এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ফার্মেসী হতে ফেরত নিতে হবে এবং ডিসপোজাল সংক্রান্ত বাৎসরিক রিপোর্ট ঔষধ প্রশাসন অধিদপ্তরের প্রেরণ করতে হবে।

খামারে Antimicrobial Resistance প্রতিরোধে ভেটেরিনারিয়ানের দায়িত্ব:

প্রাণী চিকিৎসায় এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহের যথাযথ ও পরিমিত ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রাণী চিকিৎসায় এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহের অপব্যবহারের কারণে রেজিস্ট্যান্ট মাইক্রোঅরগারিজমগুলো মানব এবং প্রাণীর শরীরে বিস্তার লাভ করছে। এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ খামারে প্রাণী চিকিৎসায় ব্যবহারে ভেটেরিনারিয়ানের গুরুত্বপূর্ণ দায়িত্ব রয়েছে। যথা:

১. প্রাণী চিকিৎসায় ব্যবহারের জন্য এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ শুধুমাত্র রেজিস্টার্ড ভেটেরিনারিয়ানরাই প্রেসক্রাইব করবেন।
২. খামারীদের খামার পরিষ্কার পরিচ্ছন্ন রাখাতে উৎসাহিত করা এবং প্রাণীদের ভ্যাক্সিনেশনে খামারীদের উৎসাহিত করা।
৩. খামারীগণ কর্তৃক ভ্যাক্সিনেশনের রেজিস্টার মেইনটেইন করা।
৪. এন্টিমাইক্রোবিয়াল ঔষধ রেজিস্টার্ড ভেটেরিনারিয়ানের পরামর্শ ব্যতীত ব্যবহারে না করা।
৫. এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর withdrawal period সম্পর্কে খামারীদের পরামর্শ প্রদান করা।
৬. Code of ethics of veterinarians অনুসরণ করা।

Antimicrobial Resistance প্রতিরোধে সেন্ট্রাল মেডিকেল স্টোর, ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের ডিপো কর্তৃপক্ষের দায়িত্ব:

এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপেন্সিং এ সেন্ট্রাল মেডিকেল স্টোর, ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের ডিপো কর্তৃপক্ষের দায়িত্ব রয়েছে। ঔষধ প্রশাসন অধিদপ্তর কর্তৃক সম্পাদিত Antimicrobial Consumption (AMC) surveillance হতে দেখা যায় বাংলাদেশে Access group হতে Watch group এর এন্টিবায়োটিকের consumption বেশী, যা প্রায় ৫৮ থেকে ৬২%। বিশ্ব স্বাস্থ্য সংস্থার নির্দেশনা মোতাবেক যা কমানো প্রয়োজন এবং একই সাথে Access group এর ব্যবহার ৬০% পর্যন্ত বাড়ানো প্রয়োজন। সেন্ট্রাল মেডিকেল স্টোর/ ডিপোর কর্মকর্তাগণ কর্তৃক এন্টিবায়োটিক ক্রয়ের সময় এই বিষয়গুলি বিবেচনায় রেখে প্রয়োজনীয় এন্টিবায়োটিক ক্রয় ও হাসপাতালে সরবরাহের ব্যবস্থা করা।

এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপেন্সিং এ হাসপাতাল কর্তৃপক্ষের দায়িত্ব:

এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপেন্সিং ব্যবস্থাপনা primary/ secondary/tertiary হাসপাতালসহ সকল সরকারী, বেসরকারী, স্পেশালাইজড, আমর্ড ফোর্সেস মেডিকেল কলেজ হাসপাতালে নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে সরকারী হাসপাতালসমূহ হতে এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর পূর্ণ কোর্স সরবরাহ করা জরুরী। স্বাস্থ্য অধিদপ্তর হতে প্রেসক্রিপশন অডিটের ব্যবস্থা করা এবং প্রেসক্রিপশন ছাড়া কমিউনিটি ক্লিনিকে কোন এন্টিমাইক্রোবিয়াল ঔষধ সরবরাহ না করা। এছাড়াও হাসপাতালে “antimicrobial stewardship” নিশ্চিত করা।

এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এ যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে নার্সদের দায়িত্ব:

১. রোগীদেরকে এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর পূর্ণ কোর্স যথাযথ নিয়ম মেনে সম্পন্ন করায় পরামর্শ প্রদান ও উৎসাহিত করা।

২. সময়মত রোগীকে এন্টিমাইক্রোবিয়াল ঔষধ সেবন করতে দেওয়া।
৩. রোগীর সংক্রমণের অবস্থার উন্নতি না হলে ডাক্তারকে সময়মত জানানো, একইসাথে কোন পার্শ্বপ্রতিক্রিয়া দেখা দিলে ডাক্তারকে অবহিত করা।

প্রাণী চিকিৎসায় এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ব্যবহারে খামারীগণের প্রতি নির্দেশনা:

১. রেজিস্টার্ড ভেটেনারীয়ানের পরামর্শ ছাড়া প্রাণী চিকিৎসায় খামারীগণ কর্তৃক কোন এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ব্যবহার না করা।
২. খামার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা। খাবার পাত্র, পানির পাত্র এবং ব্যবহৃত যন্ত্রপাতি ব্যবহারের পর প্রতিদিন পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।
৩. উপজেলা প্রাণী সম্পদ কার্যালয়ের প্রাণী চিকিৎসকের পরামর্শ অনুযায়ী প্রাণীদের ভ্যাক্সিনেশন কার্যক্রম নিশ্চিত করা।
৪. এন্টিমাইক্রোবিয়াল ঔষধের মোড়কে নির্দেশিত withdrawal period অনুসরণ পূর্বক প্রাণীকে প্রাণীজাত খাদ্যে রূপান্তর করা।
৫.মেয়াদোত্তীর্ণ ঔষধ ব্যবহার না করা।

এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ব্যবহারে জনসাধারণের প্রতি নির্দেশনা:

১. রেজিস্টার্ড চিকিৎসকের প্রেসক্রিপশন ছাড়া এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ক্রয় ও সেবন না করা।
২. পশু বা মৎস পালনের ক্ষেত্রেও ভেটেরিনারীয়ানের পরামর্শ ছাড়া এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ব্যবহার না করা। ভেটেরিনারীয়ানের পরামর্শ মত প্রাণী চিকিৎসায় এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর withdrawal period মেইনটেইন করা।
৩. এন্টিমাইক্রোবিয়াল ঔষধ সেবন বা গ্রহণের ক্ষেত্রে প্রেসক্রিপশনে উল্লেখিত সময় ও নির্দেশনা মেনে চলা।
৪. প্রেসক্রিপশনে নির্দেশিত এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর কোর্স সম্পন্ন করা।
৫. আত্মীয়স্বজন, বন্ধু-বান্ধব, ফার্মেসী বা ভিলেজ কোয়াক এর পরামর্শে এন্টিমাইক্রোবিয়াল ঔষধ সেবন না করা।
৬. রেজিস্টার্ড চিকিৎসকের পরামর্শ ব্যতীত পরিবারের অন্য সদস্যদের left over (অব্যবহৃত) এন্টিমাইক্রোবিয়াল ঔষধ সেবন না করা/ ভাগাভাগি করে না খাওয়া।
৭. এন্টিমাইক্রোবিয়াল ঔষধ খাওয়ার পর কোন বিরূপ প্রতিক্রিয়া যেমন, ডায়রিয়া, বমি, জ্বর, মাথাব্যথা, চুলকানী, গা হাত পা ফুলে যাওয়া, শ্বাসকষ্ট ইত্যাদি উপসর্গ দেখা দিলে সংগে সংগে ডাক্তারের পরামর্শ নেওয়া।
৮. এন্টিমাইক্রোবিয়াল ঔষধ সেবনের ক্ষেত্রে ঔষধের মোড়কে মেয়াদোত্তীর্ণের তারিখ দেখে নেওয়া।

পশু খাদ্য ও খাদ্য সম্পূরক বিপণনকারীদের প্রতি নির্দেশনা:

১. **পশু খাদ্য ও খাদ্য সম্পূরক** বিষয়ে প্রাণিসম্পদ অধিদপ্তরের আইন মেনে চলতে হবে।

Professional Association এবং Scientific society এর দায়িত্ব:

১. এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি করা।
২. এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স প্রতিরোধে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তাগাদা দেওয়া।
৩. এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স বিষয়ে বিভিন্ন গবেষণামূলক প্রমাণাদী উপস্থাপন ও পলিসি ডিসিশনে সহায়তা করা।
৪. এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স বিষয়ে বিভিন্ন গাইডলাইন ও নীতিমালা প্রণয়নে মতামত প্রদান করা।

উপজেলা প্রাণী সম্পদ অফিসারের দায়িত্ব:

১. খামারীগণ এন্টিমাইক্রোবিয়াল ঔষধের withdrawal period maintain করছে কিনা তা মনিটরিং করা।
২. খামারীগণ ভেটেরিনারিয়ানের পরামর্শ ছাড়া প্রাণী চিকিৎসায় এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ব্যবহার করছে কিনা তা মনিটরিং করা।
৩. পশু খাদ্য সরবরাহকারীগণ পশু খাদ্যে এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ব্যবহার করছে কিনা তা মনিটরিং করা ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা।
৪. প্রিমিক্সে এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ব্যবহার করা হচ্ছে কিনা তা মনিটরিং করা।

এন্টিমাইক্রোবিয়াল ঔষধ চেনার উপায়:

“ এন্টিমাইক্রোবিয়াল ঔষধের বিতরণ (Dispensing), ব্যবহার (Use) এবং বিনষ্টকরণ (Disposal) ব্যবস্থাপনা সংক্রান্ত জাতীয় নির্দেশিকা -বাংলাদেশ” এর যথাযথ অনুসরণ এবং প্রয়োগের জন্য এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ চেনা সাধারণ জনগণ, ফার্মেসী রিটেইলারসহ সকল পর্যায়ের স্টেক হোল্ডারের জন্য অত্যন্ত জরুরী। যে লক্ষ্যে ড্রাগ কন্ট্রোল কমিটির ২৫৩ তম সভার নির্দেশনা মোতাবেক এন্টিবায়োটিকের মোড়কে লাল মার্কিং এর ব্যবস্থা করা হয়েছে, যেখানে লেখা থাকছে “এন্টিবায়োটিক” “ রেজিস্টার চিকিৎসকের পরামর্শ ছাড়া সেবন করবেন না”। এতে করে ফার্মেসী রিটেইলাররা সহজেই বুঝতে পারবেন কোন ঔষধগুলো “এন্টিবায়োটিক” যা প্রেসক্রিপশন ছাড়া বিক্রি করলে জরিমানা হতে পারে, আবার রোগীরাও সহজে বুঝতে পারবেন কোন ঔষধগুলো “এন্টিবায়োটিক” যা ডাক্তারের পরামর্শ ছাড়া সেবন করা যাবে না, যার পূর্ণ কোর্স সম্পন্ন করতে হবে। (Organization 2023)

প্রাথমিকভাবে “Red Label” এন্টিবায়োটিকের ক্ষেত্রে করা হয়েছে, যা পরবর্তীতে সকল এন্টিমাইক্রোবিয়াল ড্রাগস (যেমন, এন্টিভাইরাল, এন্টিফাংগাস, এন্টি প্যারাসাইটিকস) এর ক্ষেত্রেও করা হবে।

চিত্র: এন্টিবায়োটিক সহজে চেনার জন্য “ Red Label”

এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ডিসপেন্সিং এবং এন্টিবায়োটিকের WHO-AWaRe Classification এর ভূমিকা

২০১৭ সালে বিশ্ব স্বাস্থ্য সংস্থা কর্তৃক অত্যাবশ্যকীয় ঔষধের তালিকা প্রণয়নের সময় এন্টিবায়োটিককে তিনটি শ্রেণীতে ভাগ করা হয়েছে, যা WHO-AWaRe classification of antibiotic হিসেবে পরিচিত। এন্টিবায়োটিকের শ্রেণীসমূহ হলঃ Access, Watch এবং Reserve. বিশ্ব স্বাস্থ্য সংস্থার সুপারিশ মোতাবেক একটি দেশে মোট এন্টিবায়োটিক consumption এর ৬০% Access গ্রুপের এন্টিবায়োটিক হওয়া উচিত। (The WHO AWaRe (Access 2022) বাংলাদেশের ক্ষেত্রে Watch গ্রুপের এন্টিবায়োটিকের ব্যবহার কমিয়ে Access গ্রুপের এন্টিবায়োটিক এর ব্যবহার ৬০% পর্যন্ত উন্নীত করতে সকল স্টেকহোল্ডারদের ভূমিকা রয়েছে।

হেলথকেয়ার পলিসি মেকার এবং সংশ্লিষ্ট প্রোগ্রাম ম্যানেজারদের ভূমিকাঃ

১. এন্টিবায়োটিকের অযৌক্তিক ব্যবহারকে নিরুৎসাহিত করা।
২. যথাযথ ক্ষেত্রে Access গ্রুপের এন্টিবায়োটিক এর ব্যবহার প্রমোট করা।
৩. স্থানীয় সরবরাহ নিশ্চিত করা এবং অত্যাবশ্যকীয় ঔষধের তালিকা মোতাবেক সুলভ মূল্যে মানসম্পন্ন যথাযথ ফরমুলেশনের এন্টিবায়োটিক নিশ্চিত করা।
৪. নিয়মিত অত্যাবশ্যকীয় ঔষধের তালিকা হালনাগাদ করা এবং এ ক্ষেত্রে WHO model list অনুসরণ করা।
৫. নিয়মিত Antibiotic Use Surveillance (WHO-AWaRe classification of antibiotic অনুযায়ী) পরিচালনা করা।

ফিজিশিয়ানদের ভূমিকাঃ

১. প্রেসক্রাইবিং এর সময় এন্টিবায়োটিকের AWaRe classification কে বিবেচনা করা এবং D8 অনুসরণ করা। যথাঃ
Diagnosis – which infection
Decide – are antibiotics needed.
Drug (medicine) – which antibiotic
Dose – at what dose
Delivery – what formulation
Duration – for how long
Discuss – with patient.
Document – in the notes.

২. সংশ্লিষ্ট এলাকায় কোন এন্টিবায়োটিক কার্যকর এ সম্পর্কে অবগত থাকা।
৩. কোন লক্ষণ ও উপসর্গের জন্য হাসপাতালে প্রেরণের প্রয়োজন হবে এ সম্পর্কে অবগত থাকা।

ফার্মাসিস্ট, ডিপ্লোমা ফার্মাসিস্ট, ফার্মেসী টেকনিশিয়ানদের ভূমিকাঃ

১. এন্টিবায়োটিকের AWaRe classification সম্পর্কে ধারণা রাখা।
২. প্রেসক্রিপশন ছাড়া এন্টিবায়োটিক বিক্রি না করা।
৩. এন্টিবায়োটিকের সেলফ মেডিকেশনকে নিরুৎসাহিত করা।
৪. Access এবং Watch গ্রুপের এন্টিবায়োটিকের ব্যবহার মনিটর করা।

প্রফিশনাল সোসাইটির ভূমিকাঃ

১. এন্টিবায়োটিকের AWaRe classification সম্পর্কে ধারণা রাখা।
২. সচেতনতামূলক কার্যকমে ভূমিকা রাখা।
৩. হেলথ কেয়ার ওয়ারকারদের এন্টিবায়োটিকের AWaRe classification সম্পর্কে ধারণা দেওয়া।

নার্সদের ভূমিকা:

১. এন্টিবায়োটিকের AWaRe classification সম্পর্কে ধারণা রাখা এবং রোগীকে সে মোতাবেক পরামর্শ প্রদান করা।

কমিউনিটি হেলথ ওয়ারকারদের ভূমিকা:

১. সংশ্লিষ্ট এলাকায় কোন সংক্রমণসমূহ এন্টিবায়োটিক দিয়ে চিকিৎসা করা সম্ভব এ সম্পর্কে ধারণা রাখা।
২. কোন লক্ষণ ও উপসর্গের জন্য হাসপাতালে প্রেরণের প্রয়োজন হবে এ সম্পর্কে অবগত থাকা।
৩. এন্টিবায়োটিকের AWaRe classification সম্পর্কে ধারণা রাখা।

এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ যে কোন সাধারণ ঔষধ অপেক্ষা ভিন্ন, যা রাসায়নিক উপাদান হলেও অণুজীব (microorganism) এ রেজিস্ট্যান্স সৃষ্টিতে সক্ষম। এই রেজিস্ট্যান্স অণুজীবগুলো পরিবেশের মাধ্যমে এক জনের শরীর থেকে আর এক জনের শরীরে এমনকি প্রাণি থেকে মানুষের শরীরে সংক্রমিত হয়, যা এন্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্সের অন্যতম একটি কারণ। যে কারণে এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহের বর্জ্য ব্যবস্থাপনা ও নিষ্পত্তি (Disposal) সতর্কতার সাথে যথাযথ প্রক্রিয়ায় করা প্রয়োজন। এ বিষয়ে সকল স্টেকহোল্ডারদের ভূমিকা রয়েছে।

জনসাধারণের প্রতি নির্দেশনা:

১. মেয়াদোত্তীর্ণ, নষ্ট হয়ে যাওয়া এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ পরিবেশে যেমন, মাটিতে, পানিতে, ডাস্টবিন ইত্যাদি ফেলা যাবে না।
২. মেয়াদোত্তীর্ণ, নষ্ট হয়ে যাওয়া এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ নিকটস্থ ফার্মেসীতে ফেরত দিতে হবে।

ফার্মেসী রিটেলার/ফার্মাসিস্টের প্রতি নির্দেশনা:

১. মেয়াদোত্তীর্ণ, নষ্ট হয়ে যাওয়া এন্টিমাইক্রোবিয়াল ঔষধ কোন অবস্থাতেই বিক্রি করা যাবে না।
২. মেয়াদোত্তীর্ণ, নষ্ট হয়ে যাওয়া এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ পরিবেশে যেমন, মাটিতে, পানিতে, ডাস্টবিনে ইত্যাদি ফেলা যাবে না, সিটি করপোরেশনের ময়লার সাথে ফেলা যাবে না এবং খোলা পরিবেশে পুরিয়ে ফেলা যাবে না।
৩. মেয়াদোত্তীর্ণ, নষ্ট হয়ে যাওয়া এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ আলাদা কনটেইনারে তালাবদ্ধ করে রাখতে হবে এবং রেজিস্টার মেইনটেইন করতে হবে। (পরিশিষ্ট-৮)
৪. মেয়াদোত্তীর্ণ, নষ্ট হয়ে যাওয়া এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ ইনসিনারেটরের মাধ্যমে ধ্বংস করতে হবে বা ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট ফেরত দিতে হবে বা ঔষধ প্রশাসন অধিদপ্তরের জেলা কার্যালয়ের বুথে জমা দিয়ে আসতে হবে (Drug Take Back Options) এবং ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান বা ঔষধ প্রশাসন অধিদপ্তরের উক্ত কার্যালয় হতে প্রাপ্তি স্বীকার ফরম গ্রহণ করতে হবে। (পরিশিষ্ট-১০)

ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের প্রতি নির্দেশনা:

১. ফার্মেসী এবং ঔষধ প্রশাসন অধিদপ্তরের জেলা কার্যালয়ের বুথ হতে অব্যববহৃত, মেয়াদোত্তীর্ণ, নষ্ট হয়ে যাওয়া এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ সংগ্রহপূর্বক ইনসিনারেটরের মাধ্যমে ধ্বংস করতে হবে।
২. এন্টিমাইক্রোবিয়াল ঔষধসমূহ উৎপাদন এবং ডিসপোজালের ক্ষেত্রে বিশ্ব স্বাস্থ্য সংস্থার গাইড লাইন, Technical Report Series (TRS) 1025, Annex-6 অনুসরণ করতে হবে। উক্ত গাইডলাইন মোতাবেক Effluent Treatment Plant (ETP) মেইনটেইন করতে হবে।
৩. পেনিসিলিন এবং সেফালোসপোরিন জাতীয় ঔষধ ডেডিকেটেড ফ্যাসিলিটিজ এ উৎপাদন করতে হবে।
৪. এন্টিমাইক্রোবিয়াল ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানের Effluent Treatment Plant (ETP) থাকা বাধ্যতামূলক।
৫. এন্টিমাইক্রোবিয়াল ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহে ঔষধ প্রশাসন অধিদপ্তর বরাবর বার্ষিক এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর ডিসপোজাল রিপোর্ট প্রেরণ করতে হবে।

রেগুলেটরী অথরিটির প্রতি নির্দেশনা:

১. ফার্মেসী রিটেইলাররা ঔষধ প্রশাসন অধিদপ্তরের বুথে মেয়াদোত্তীর্ণ, নষ্ট হয়ে যাওয়া এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ফেরত দিলে উক্ত কর্তৃপক্ষ প্রাপ্তি স্বীকার ফরম প্রদান করবে। (পরিশিষ্ট-১০)
২. ড্রাগ লাইসেন্স নবায়নের সময় ফার্মেসীকে মেয়াদোত্তীর্ণ, নষ্ট হয়ে যাওয়া এন্টিমাইক্রোবিয়াল ঔষধ ফেরত দেওয়ার প্রাপ্তি স্বীকার ফরম ঔষধ প্রশাসন অধিদপ্তর এ দাখিল করতে হবে।
৩. ঔষধ প্রশাসন অধিদপ্তর ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান পরিদর্শনের সময় বার্ষিক এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর ডিসপোজাল রিপোর্ট পর্যালোচনা করবে, ইনসিনারেশ যথাযথ প্রক্রিয়ায় করা হয় কিনা তা মনিটরিং করবে এবং Effluent Treatment Plant (ETP) এর কার্যকারীতা পর্যালোচনা করবে।
৪. ফার্মেসী পরিদর্শনের সময় ঔষধ প্রশাসন অধিদপ্তরের কর্মকর্তাগণ এন্টিমাইক্রোবিয়াল ঔষধ এর ডিসপোজাল রেজিস্টার চেক করবে।
